অতি জরুরী
ই-মেইল যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ,কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০০৫.১৭- ৯৫৭ তারিখঃ ০৭/০৫/২০১৮খ্রিঃ।

প্রেরকঃ গিয়াসউদ্দিন আহমেদ
পরিচালক(ভিজিডি)

প্রাপকঃ জেলা প্রশাসক,
............................ (সকল)।

**বিষয়ঃ পবিত্র রমজান মাস ও ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে/বন্যাক্রান্ত/অন্যান্য দুর্যোগাক্রান্ত/দুঃস্থ /অতিদরিদ্র ব্যক্তি পরিবারকে ভিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদান।**

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১০.১৫-১৪৮, তারিখঃ ০৮/০৫/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ২০১৭-২০১৮ অর্থ বছরে পবিত্র রমজান মাস ও ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় সারাদেশে ৬৪টি জেলার ৪৯১টি উপজেলায় এবং ক,খ ও গ ক্যাটাগরীর ৩২৮টি পৌরসভার অতিদরিদ্র ও অসহায় দু:স্থ পরিবারের জন্য ১০ কেজি হারে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে উপজেলার জন্য ৮৮,০০০ মেঃটন এবং পৌরসভার জন্য ১২,১৫৩.৪৪০ মেঃটন সর্বমোট-১,০০,১৫৩.৪৪০(এক লক্ষ একশত তেপ্পান্ন দশমিক চার চার শূন্য) মেঃটন চাল নিম্নোক্ত শর্তে এবং এতদসংগে সংযুক্ত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বিভাজন অনুযায়ী বরাদ্দ প্রদান করা হলোঃ

২। জেলা প্রশাসকগণ ভিজিএফ বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যকে অবহিত করবেন।

৩। ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবেঃ

(ক) আদমশুমারী ২০১১ এর জনসংখ্যা অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুন:বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bdএ ওয়েবসাইটে লগ ইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।

(খ) দু:স্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দু:স্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।

(গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার দু:স্থ /অতিদরিদ্র বলে গণ্য হবে।

১ .যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪. যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
৬. যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই।
৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা,বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা।
৮. যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
৯. যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি।
১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায়না।

(ঘ) ইউনিয়ন/পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

(অঃপৃঃদ্রঃ)

৪। **মঞ্জুরীকৃত চাল নিম্মবর্ণিত শর্তাদি পালনপূর্বক বিলিবন্টন করতে হবে ঃ**

(ক) অত্রসাত সংযুক্ত ছকে ভিজিএফ উপকারভোগীর তালিকা তৈরীপূর্বক সংরক্ষণ করতে হবে।

(খ) ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ কার্ড বরাদ্দ না পায়।

(গ) সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ বরাদ্দকৃত চাল মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক যথানিয়মে বিতরণ করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

(ঘ) বরাদ্দকৃত খাদ্যশস্য আগামী ১৪-০৬-২০১৮ তারিখের মধ্যে উত্তোলন করতে হবে এবং ঈদের পূর্বেই বিতরণ কার্যক্রম সমান্ত করতে হবে।

(ঙ) উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তর্ভূক্ত নিশ্চিত করতে হবে। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট জেলা পুনর্বাসন কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণ দায়ভার বহন করবেন।

(চ) বিধি মোতাবেক চাল বিতরণ শেষে ব্যয়ের প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে ৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করতে হবে।

(ছ) জেলা/উপজেলা খাদ্যগুদাম হতে বিতরণকেন্দ্র পর্যন্ত পৌছানোর জন্য পরিবহন ও আনুসংগিক খরচ সরকারী খাত হতে বহন করা হবে।

(জ) বরাদ্দকৃত ভিজিএফ চাল ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।

(ঝ) বরাদ্দকৃত চালের ব্যয় চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের "৪৯০৩- ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০৭- ভিজিএফ কার্যক্রম-৫৯০০- সাহায্য মঞ্জুরী- ৫৯৪৪-ভিজিএফ" খাত হতে নির্বাহ করতে হবে।

(ঞ) মন্ত্রণালয় হতে পরিবহন ও আনুসংগিক ব্যয় মঞ্জুরী প্রাপ্তি সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হবে।

সংযুক্তঃ উপজেলা ও পৌরসভাওয়ারী বিভাজন
ও উপকারভোগী অন্তর্ভূক্তি ছক- ০৮ (আট) পাতা।

০৭/০৫/২০১৮

(গিয়াসউদ্দিন আহমেদ)
পরিচালক(ভিজিডি)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোন:-৯৮৬০২০৯
ই-মেইলঃdvgf@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০০৫.১৭- ৯৮৭

তারিখঃ ০৭/০৫/২০১৮খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা..............................।
০২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬,আব্দুল গণি রোড, ঢাকা ।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা /চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট ও ময়মনসিংহ।
০৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন, খাদ্য অধিদপ্তর, ১৬,আব্দুল গণি রোড, ঢাকা ।
০৭। উপজেলা পরিষদ চেয়ারম্যান,----------------------------- জেলা -----------------------------
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা,----------------------------- জেলা -----------------------------
০৯। জনাব প্রবীর কুমার দাস, কম্পিউটার প্রোগ্রামার, অত্র অধিদপ্তর। তাঁকে আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে Upload ও প্রাপকের বরাবরে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক,-------------------------------------।
১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, -----------------------------------।
১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক -----------------------------------জেলা-----------------------------------।
১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা -----------------------------------জেলা-----------------------------।
১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

(অরুণেন্দ্র কিশোর চক্রবর্তী)
উপ-পরিচালক(ভিজিডি-১)
ফোন নং-৯৮৮৬৬০৬